দৈনিক সংবাদ

তারিখ 2 1 OCT 1993
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ১ ...

# '৯১ সালে কমিটি হয়েছে এখনও নীতিমালা হয়নি

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ

।। মনির হোসেন ।।

বেসরকারী স্কুল ও কলেজ জাতীয়করণের নীতিমালা এখনও প্রণয়ন করা হয়নি। ১৯৯১ সালে এ ব্যাপারে উচ্চপর্যায়ের মন্ত্রিপরিষদ সাব-কমিটি গঠন করা হলেও আজতক এর রিপোর্ট চূড়ান্ত করা হয়নি। শিক্ষা মন্ত্রণালয়ে খোঁজ নিয়ে জানা গেছে, বিষয়টি এখনও 'প্রক্রিয়াধীন' রয়েছে।

বিগত সরকারের আমলে সাবেক রাষ্ট্রপতি এরশাদ ও তার প্রভাবশালী মন্ত্রীরা বিভিন্ন স্থানে জনসভায় সেখানকার শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের ঘোষণা দিয়েছেন। এ বিষয়ে কোন নিয়ম-নীতি অনুসরণ করা হয়নি। ফলে দেখা গেছে, অনেক শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের যোগ্য না হলেও রাজনৈতিক ঘোষণার কারণে সেগুলোকে জাতীয়করণ করা হয়। একইভাবে বর্তমান সরকারপ্রধান কয়েকটি স্কুল ও কলেজকে জাতীয়করণের ঘোষণা দিলে সংসদে এ সম্পর্কিত নীতিমালা জানতে চাওয়া হলে শিক্ষামন্ত্রী জানান, স্কুল-কলেজ জাতীয়করণের ব্যাপারে কোন নীতিমাল নেই। তবে যেসব থানায় সরকারী স্কুল ও কলে নেই সেসব থানায় একটি করে স্কুল ও কলেজ সরকারী করা হবে বলে সরকারী ঘোষণাই নীতি।

গত বছরের গোড়ার দিকে এশীয় উন্নয়ন ব্যাংক আর কোন শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ না করার জন্য সরকারকে পরামর্শ দেয়। মন্ত্রিপরিষদও এ সময়ে ঢালাওভাবে কোন শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের বিপক্ষে মত দেয়। মন্ত্রি-পরিষদের এক সভায় এর পরিবর্তে শিক্ষার মান উন্নয়নে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী অনুদান ও আর্থিক সুবিধা দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

তবে যেসব থানায় কোন সরকারী শিক্ষা প্রতিষ্ঠান নেই সেসব থানায় একটি করে স্কুল ও কলেজ সরকারী করার সিদ্ধান্তই এখনও বিবেচনা করা হচ্ছে।

ইতিমধ্যে প্রায় ২৬০টি হাইস্কুল জাতীয়করণের সরকারী সিদ্ধান্ত হয়ে গেছে। শিক্ষা মন্ত্রণালয় যেসব থানায় সরকারী হাইস্কুল নেই সেসব থানা অন্তর্ভুক্ত করে ৩৬১টি স্কুলের তালিকা জাতীয়করণের জন্য প্রস্তুত করে। পরে এ তালিকা কয়েক দফা বাছ-বিচারের পর সরকারের শীর্ষ পর্যায়ে অনুমোদনের জন্য পাঠানো হয়। এ পর্যায়ে প্রায় একশ' হাইস্কুলের নাম বাদ পড়ে। বাকি ২৬০ টিকে জাতীয়করণের অনুমোদন দেয়া হয়।

এদিকে প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ইতিমধ্যে ১০টি কলেজকে জাতীয়করণ করা হয়েছে। এগুলো হচ্ছে নরসিংদী মহিলা কলেজ, মেহেরপুর মহিলা কলেজ, নেত্রকোনা মহিলা কলেজ, ময়মনসিংহের গৌরীপুর কলেজ, বগুড়া গাবতলী কলেজ, নারায়ণগঞ্জের আড়াই হাজার কলেজ, খাগড়াছড়ির রামগড় কলেজ, ঝিনাইদহের মহিলা কলেজ ও শৈলকুপা কলেজ এবং ফেনীর পরশুরাম কলেজ